



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 5th Semester Examination, 2021

DSE-P1-BENGALI

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

**The question paper contains paper DSE-1A and DSE-1B
The candidates are required to answer any *one* from the *two* courses.
Candidates should mention it clearly on the Answer Book.**

DSE-1A

(প্রবন্ধ)

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) স্বভাব কবি বলতে প্রাবন্ধিক কী বুঝিয়েছেন? প্রাবন্ধিকের মতে এই স্বভাব কবির দলে কারা কারা পড়েন?
- (খ) বঙ্কিমচন্দ্রের 'বিদ্যাপতি ও জয়দেব' কী নামে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? এই প্রবন্ধে উল্লিখিত অন্যান্য কবিদের নাম লেখ।
- (গ) 'মেঘদূত' প্রবন্ধে প্রাবন্ধিক কোন্ কোন্ নদী ও নগরীর উল্লেখ করেছেন।
- (ঘ) বঙ্কিমচন্দ্রের 'বাহুবল বড় না বাক্যবল বড়' এই প্রবন্ধে কাকে বেশি প্রাধান্য দেওয়া হয়েছে এবং কেন?
- (ঙ) গাছের লিপি বোঝার প্রধান প্রতিবন্ধকগুলির উল্লেখ করো।
- (চ) 'রায়ত' শব্দের অর্থ কী? 'রায়তের কথা' প্রবন্ধে প্রাবন্ধিকের কী ধরনের সহমর্মিতা প্রকাশ পেয়েছে?

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) 'বিজ্ঞান ও সাহিত্যে'র সম্পর্ক বলতে প্রাবন্ধিকের কোন্ চিন্তনের প্রকাশ ঘটেছে?
- (খ) "সকলই নিয়মের ফল, সাহিত্যও নিয়মের ফল" – লেখকের এরূপ বক্তব্যের কারণ ব্যাখ্যা করো।
- (গ) পটুয়া কী? এই শিল্প সম্পর্কে শিল্পীর অভিজ্ঞান কতটা গ্রহণযোগ্য বলে তোমার মনে হয়?
- (ঘ) 'বাঙ্গালা ভাষা' প্রবন্ধটিতে প্রাবন্ধিকের ভাষা সংক্রান্ত ধারণার পরিচয় দাও।
- (ঙ) 'শিক্ষার মিলন' প্রবন্ধে রবীন্দ্রনাথের শিক্ষাচিন্তার চেয়ে, রাজনৈতিক চিন্তাই প্রকট — আলোচনা করো।
- (চ) 'জাতি সংস্কৃতি ও সাহিত্য' সম্পর্কে এবং তাদের প্রকৃতি সম্পর্কে প্রাবন্ধিকের ধ্যানধারণার পরিচয় দাও।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) 'বিদ্যাপতি ও জয়দেব' প্রবন্ধে দুই মহান কবির কবি প্রতিভার যে তুল্যমূল্য বিচার প্রাবন্ধিক করেছেন, সে-সম্পর্কে আলোকপাত করো।

- (খ) ‘মেঘদূত’ প্রবন্ধে দুই কালের মধ্যে যোগাযোগের মাধ্যম হিসাবে যে কল্পনার কথা প্রাবন্ধিক বলেছেন, তার বর্ণনা দাও।
- (গ) ‘বাবু’ প্রবন্ধে তৎকালীন বাবুদের চরিত্র-চিত্রণে বঙ্কিমচন্দ্রের তীর্থক ভাষা ব্যবহারের নৈপুণ্য বিচার করো।
- (ঘ) বুদ্ধদেব বসুর ‘রামায়ণ’ প্রবন্ধে অবলম্বনে ‘রাম’ চরিত্রের পরিচয় দাও।

DSE-1B

(উপন্যাস)

বিভাগ-ক

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) প্রাক্ বঙ্কিমযুগে বাংলা উপন্যাস রচনার প্রয়াস করেছিলেন এমন তিনজন লেখক ও তাঁদের রচনার নাম করো।
- (খ) বাংলা সাহিত্যের যে-কোনো তিনজন মহিলা উপন্যাসিকের নাম উল্লেখ করে, তাঁদের একটি করে উপন্যাসের নাম লেখো।
- (গ) কৃষ্ণকান্তের উইল কতবার বদলানো হয়? উইল বদলানোর কারণগুলি কী ছিল?
- (ঘ) “যতদিন তুমি ভক্তির যোগ্য, ততদিন আমারও ভক্তি; যতদিন তুমি বিশ্বাসী, ততদিন আমারও বিশ্বাস।” - বক্তা কে? কাকে উদ্দেশ্য করে একথা বলা হয়েছে? এই মন্তব্যের কারণ কী?
- (ঙ) গোবিন্দলাল রোহিনীকে নিয়ে কোথায় উঠেছিল? জায়গাটি কোন্ জেলায় অবস্থিত? ঐ স্থান দিয়ে বয়ে যাওয়া নদীটির নাম কী?
- (চ) ষোড়শীর পূর্বনাম কী ছিল? সে কোথাকার ভৈরবী ছিল? সেই মন্দিরটি কে স্থাপন করেছিলেন?

বিভাগ-খ

- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) বাংলা ঐতিহাসিক উপন্যাসের ক্ষেত্রে রমেশচন্দ্র দত্তের অবদান আলোচনা করো।
- (খ) দুই বিশ্বযুদ্ধ মধ্যকালীন বাংলা উপন্যাসের বৈশিষ্ট্যগুলি লেখো।
- (গ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে মাধবীনাথ চরিত্রের গুরুত্ব আলোচনা করো।
- (ঘ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসের পরিশিষ্ট অংশটির গুরুত্ব লেখো।
- (ঙ) ‘দেনা পাওনা’ উপন্যাসে নির্মল-হেমর দাম্পত্য জীবনের বিবরণ দিয়ে এই অংশের প্রয়োজনীয়তা বুঝিয়ে দাও।
- (চ) ‘দেনা পাওনা’ উপন্যাসে উল্লেখিত চণ্ডীমণ্ডপের কার্যপ্রণালী উল্লেখ করো।

বিভাগ-গ

- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) কাদের প্রচেষ্টায়, কীভাবে উনিশ শতকে বাংলা উপন্যাসের উদ্ভব ও ক্রমবিকাশ সম্ভব হয়েছিল, সে-সম্পর্কে আলোচনা করো।
- (খ) ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসের নায়িকা কে? যুক্তিসহ আলোচনা করো।
- (গ) বঙ্কিমচন্দ্রের নীতিবাদ ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসের ঘটনাবলীকে কতখানি প্রভাবিত করেছে, সে-সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) ‘দেনা পাওনা’ উপন্যাসে নায়িকার জীবনে নবজাগ্রত প্রেমের সঙ্গে আত্মমর্যাদার বিরোধ কীভাবে রূপায়িত হয়েছে?

—x—